

# কাজেম আলী স্কুল এন্ড কলেজ

একাদশ শ্রেণি

২য় মূল্যায়ণ পরীক্ষা- ২০২১

বিষয়:- ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা

বিষয় কোড: ১৯১, ১৯২

সময়: ১ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ৫০

[দুইটি প্রশ্নের উত্তর দিতে হবে]

- ১। মি. 'A' তার ব্যক্তিগত গাড়ির জন্য 'X' নামক একটি বিমা কোম্পানিতে ৫ লক্ষ টাকা বিমা করেন এবং ৫ তলা বাড়ির জন্য 'Y' ও 'Z' নামক দুটি বিমা প্রতিষ্ঠানের কাছে সমান অঙ্কের মোট ৫০ লক্ষ টাকার বিমা করেন। বৈদ্যুতিক গোলযোগের কারণে ৫ তলা ভবনের নিচতলা ভস্মীভূত হয়ে গাড়িটি পুড়ে যায় এবং বাড়িটির ৫ লক্ষ টাকার ক্ষতি হয়। 'X' প্রতিষ্ঠান গাড়িটির ক্ষতিপূরণ দিলেও 'Y', 'Z' কোম্পানির মধ্যে 'Z' প্রতিষ্ঠান ২.৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে অস্বীকৃতি জানায়।
- ক) ঝুঁকি কী? ১
- খ) বিমাকে চূড়ান্ত সদিচ্ছাসের চুক্তি বলা হয় কেন? ২
- গ) কোন নীতির আলোকে 'X' বিমা প্রতিষ্ঠান গাড়িটির ক্ষতিপূরণ দেয়? ব্যাখ্যা কর। ৩
- ঘ) 'Z' কোম্পানি ভবনের নিচ তলার ক্ষতিপূরণ দিতে অস্বীকৃতি জানানো কি সঠিক? বিশ্লেষণ করো। ৪
- ২। রাখসান সদ্য এমবিএ পাস করে একটি ব্যাংকের সহকারী পরিচালক হিসেবে যোগদান করেন। দেশের অর্থনীতিকে সচল রাখতে প্রয়োজনীয় নোট ও মুদ্রার প্রচলন করা এই ব্যাংকের দায়িত্ব। পাশাপাশি ব্যাংকটি দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষা ও ঋণ নিয়ন্ত্রণের সঙ্গে সংশ্লিষ্ট। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দেওয়ায় ব্যাংকটি সুদের হার ৫ থেকে বাড়িয়ে ৬ শতাংশে উন্নীত করে। এতে ঋণ সরবরাহ স্থিতিশীল হয়।

- ক) নিকাশ ঘর কী? ১
- খ) কেন্দ্রীয় ব্যাংককে কেন ঋণ দানের শেষ আশ্রয়স্থল বলা হয় তা ব্যাখ্যা করো। ২
- গ) রাখসান যে ব্যাংকে যোগদান করেছেন কার্যাবলির ভিত্তিতে তা কোন ধরনের ব্যাংক? ৩
- গ) উদ্দীপকের ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণের যে কৌশল অবলম্বন করেছে তার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

- ৩। BTC কোং লি. একটি ভোগ্যপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির স্থায়ী ব্যয় ৮ লক্ষ টাকা। প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের প্রতি এককের বিক্রয়মূল্য ৬০ টাকা এবং প্রতি একক পণ্যের পরিবর্তনশীল ব্যয় ২০ টাকা।
- ক) দত্তাংশ কী? ১
- খ) “সমচ্ছেদ বিন্দুর অবস্থান স্থায়ী ব্যয়, পরিবর্তনশীল ব্যয় ও বিক্রয়মূল্যের হ্রাস-বৃদ্ধির সাথে সাথে পরিবর্তিত হয়”- ব্যাখ্যা কর। ২
- গ) BTC কোং লি. এর সমচ্ছেদ বিন্দু নির্ণয় কর। ৩
- ঘ) BTC কোং লি. এর প্রতি এককে বিক্রয়মূল্য  $১৬\frac{২}{৩}\%$  কমে যায়, তবে উদ্দীপকের BTC কোং লি. সমচ্ছেদ বিন্দুতে কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

## বহুনির্বাচনী অংশ-২০

- ১। একটি বিমা চুক্তিতে অপরিহার্য কয়টি পক্ষ থাকে?  
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫
- ২। নিচের কোনটি বিমা ব্যবসায়ের বিশেষ উপাদান?  
ক) দুইটি পক্ষ খ) স্বেচ্ছাসায় গ) নির্দিষ্টতা ঘ) বিমাযোগ্য স্বার্থ
- ৩। নিচের কোনটি সম্পত্তি বিমা বহির্ভূত?  
ক) নৌ খ) অগ্নি গ) চৌর্য ঘ) ধার
- ৪। কোন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলে?  
ক) জীবন খ) নৌ গ) অগ্নি ঘ) গবাদিপশু
- ৫। বিমা চুক্তির ক্ষেত্রে আইনগতভাবে কে প্রস্তাব করে?  
ক) বিমাকারী খ) বিমাত্রহীতা গ) বিমাকর্মী ঘ) বিমা প্রতিষ্ঠান
- ৬। কখন কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের প্রয়োজন পড়ে?  
ক) দ্রব্য মূল্যহ্রাস পেলে খ) অর্থের চাহিদা হ্রাস পেলে গ) মুদ্রাস্ফীতি বৃদ্ধি পেলে ঘ) ঋণের পরিমাণ হ্রাস পেলে
- ৭। ব্যাংক হার পরিবর্তন করতে পারে-  
ক) বাণিজ্যিক ব্যাংক খ) সরকারি ব্যাংক গ) কেন্দ্রীয় ব্যাংক ঘ) বিশেষায়িত ব্যাংক
- ৮। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?  
ক) ব্যাংক অব বাংলাদেশ খ) রিজার্ভ ব্যাংক গ) সেন্ট্রাল ব্যাংক ঘ) বাংলাদেশ ব্যাংক
- ৯। কোন ব্যাংককে Mother of Central Bank বলা হয়?  
ক) রিক্স ব্যাংক অব সুইডেন খ) ফেডারেল রিজার্ভ সিস্টেম গ) ব্যাংক অব ইংল্যান্ড ঘ) ব্যাংক অব ফ্রান্স
- ১০। বিশ্বের প্রথম সুসংগঠিত কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?  
ক) ব্যাংক অব ইংল্যান্ড খ) ব্যাংক অব ফ্রান্স গ) ব্যাংক অব নেদারল্যান্ড ঘ) ফেডারেল রিজার্ভ সিস্টেম

- ১১। নিচের কোনটি পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ?  
ক) অবচয় খ) ঋণ গ্রহণ গ) শেয়ার ক্রয় ঘ) আসবাবপত্র বিক্রয়
- ১২। শেয়ার ইস্যুর মাধ্যমে স্থায়ী সম্পদ ক্রয় নিচের কোনটির অন্তর্ভুক্ত?  
ক) পরিচালন খ) বিনিয়োগ গ) অনগদ ঘ) অর্থায়ন
- ১৩। দীর্ঘমেয়াদি সম্পত্তি বিক্রয় নিচের কোন ধরনের কার্যাবলির অন্তর্ভুক্ত?  
ক) পরিচালন খ) বিনিয়োগ গ) অনগদ ঘ) অর্থায়ন
- নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:  
আলফা কেমিকেলস একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির স্থায়ী খরচ ১,০০,০০০ টাকা। উৎপাদনের সামর্থ্য ২০,০০০ একক। প্রকৃতপক্ষে উৎপাদন করে ১০,০০০ একক। একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ১০ টাকা।
- ১৪। ১০,০০০ একক উৎপাদনে প্রতি এককের স্থায়ী খরচ কত?  
ক) ৫ টাকা খ) ১০ টাকা গ) ১৫ টাকা ঘ) ২০ টাকা
- ১৫। যদি ২০,০০০ একক উৎপাদন করে তখন প্রতি এককের মোট খরচ কত হবে?  
ক) ২০ টাকা খ) ২৫ টাকা গ) ১০ টাকা ঘ) ৫ টাকা
- নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:  
নুহা লিঃ বছরে ১০,০০০ টি কলম উৎপাদন ও বিক্রয় করে। প্রতিটি কলমের বিক্রয় মূল্য ১২ টাকা এবং পরিবর্তনশীল ব্যয় ৮ টাকা। বার্ষিক স্থির ব্যয় ২৪,০০০ টাকা।
- ১৬। কতটি কলম বিক্রি করলে মুনাফা শূন্য হবে?  
ক) ২,০০০ টি খ) ৩,০০০ টি গ) ৬,০০০ টি ঘ) ১০,০০০ টি
- ১৭। নুহা লিঃ এর বার্ষিক মুনাফা কত?  
ক) ১৬,০০০ টাকা খ) ২৪,০০০ টাকা গ) ৪০,০০০ টাকা ঘ) ৬৪,০০০ টাকা
- ১৮। ব্যাংক অব ইংল্যান্ড কত সালে প্রতিষ্ঠিত হয়?  
ক) ১৯৫৬ খ) ১৬৬৮ গ) ১৬৯৪ ঘ) ১৬৯৬
- ১৯। তালিকাভুক্ত ব্যাংকসমূহ তত্ত্বাবধানের ফলে প্রধানত কে উপকৃত হয়?  
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) ঋণগ্রহীতা গ) আমানতকারী ঘ) বিনিয়োগকারী
- ২০। নিচের কোনটি সমচ্ছেদ বিন্দু নির্ণয়ে প্রভাব ফেলে না?  
ক) স্থায়ী ব্যয় খ) পরিবর্তনশীল ব্যয় গ) বিক্রয়মূল্য ঘ) অর্জন মূল্য